

Meeting of Prime Minister with President of Argentina on the sidelines of G-7 Summit

June 26, 2022

জি-৭ সম্মেলন চলাকালীন আর্জেন্টিনার রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

জুন 26, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২৬ জুন মিউনিখে জি-৭ শীর্ষ সম্মেলনের ফাঁকে আর্জেন্টিনার রাষ্ট্রপতি শ্রী আলবার্তো ফার্নান্দেজের সঙ্গে বৈঠক করেছেন।

দুই নেতার মধ্যে এটি প্রথম দ্বিপাক্ষিক বৈঠক। ২০১৯ সালে ভারত ও আর্জেন্টিনার মধ্যে যে দ্বিপাক্ষিক কৌশলগত অংশীদারিত্ব গড়ে তোলা হয়েছে, তাঁরা তা পর্যালোচনা করেন। আলোচনায় ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ, ওষুধ শিল্প সহ বিভিন্ন ক্ষেত্রে দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা, জলবায়ু পরিবর্তন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, পুনর্নবীকরণযোগ্য শক্তি, পারমাণবিক ওষুধ, বৈদ্যুতিক পরিবহন ব্যবস্থা, প্রতিরক্ষা ক্ষেত্রে সহযোগিতা, কৃষি ও খাদ্য নিরাপত্তা, পরম্পরাগত চিকিৎসা ব্যবস্থা, সাংস্কৃতিক ক্ষেত্রে সহযোগিতা সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় উভয় দেশের মধ্যে সহযোগিতার বিষয়টি স্থান পেয়েছে। সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিতে উভয় নেতাই সহমত পোষণ করেছেন।

মিউনিখ

জুন 26, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.